

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন আজ

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি •

টানা অবরোধে চলছে না বাস, ট্রেনের সময়সূচিতেও বিপর্যয়। পথে পথে ভোগান্তি আর ক্যাম্পাসে পৌঁছা নিয়ে উৎকর্ষ। তার পরও সব বাধা পেরিয়ে আজ রোববার অনুষ্ঠিত হতে যাচ্ছে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের নবম সমাবর্তন। উৎসবে যোগ দিতে আসা গ্র্যাডুয়েটদের পদচারণে এখন মুখর ক্যাম্পাস।

বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় স্টেডিয়ামে আয়োজিত সমাবর্তনে সভাপতিত্ব করবেন বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতি আবদুল হামিদ। সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত থাকবেন দিল্লির জামিয়া মিলিয়া ইসলামিয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক তালাত আহমদ। সমাবর্তনে অংশগ্রহণের জন্য ২০০৬ থেকে ২০১০ সাল পর্যন্ত প্রায় ৪ হাজার ৭৭১ জন গ্র্যাডুয়েট নিবন্ধন করেছেন। তবে রাজনৈতিক অস্থিরতার কারণ দেখিয়ে সমাবর্তন বর্জনের ঘোষণা দিয়েছেন বিএনপি-জামায়াতপন্থী শিক্ষকেরা।

এদিকে হরতাল ও অবরোধের কারণে নিবন্ধিত গ্র্যাডুয়েটদের ক্যাম্পাসে পৌঁছাতে দুর্ভোগ পোহাতে হচ্ছে। ২০-দলীয় কোর্টের রাজশাহী বিভাগে আজ রোববার থেকে ৩৬ ঘণ্টা হরতালের কারণে সমাবর্তনে অংশগ্রহণকারীদের নিজ-নিজ কর্মস্থলে অথবা বাড়িতে ফেরা নিয়ে দেখা দিয়েছে অনিশ্চয়তা।

দুর্ভোগ পেরিয়ে ক্যাম্পাসে পৌঁছাতে পেরে অনেকেই উচ্চস্বাস প্রকাশ করেছেন। গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের প্রাক্তন শিক্ষার্থী ইসমাইল হোসেন বলেন, 'ট্রেন ২৭ ঘণ্টা লেট হওয়ায় ঝুঁকি নিয়ে ও গুরুত্ব ভাড়া দিয়ে লোকাল বাসে রাজশাহীতে পৌঁছেছি। অবরোধের কারণে আমাদের অনেক সহপাঠী সমাবর্তনে যোগ দিতে পারছেন না। এ জন্য আনন্দ কিছুটা কম।' একই কথা জানালেন নিবন্ধিত গ্র্যাডুয়েট মাহমুদ সোহেল, শহীদুল ইসলাম ও আকন্দ মো. জাহিদ।

গতকাল শনিবার ক্যাম্পাস ঘুরে দেখা গেছে, সমাবর্তন উপলক্ষে ক্যাম্পাসকে সাজানো হয়েছে বর্ণিল সাজে। নিজ নিজ বিভাগ থেকে সমাবর্তনের পোশাক ও আনুষ্ঠানিক জিনিসপত্র গ্রহণ করছেন গ্র্যাডুয়েটরা। এরপর সেগুলো পরে ফেরাবাদি করে রাখছেন ক্যাম্পাসস্বীবনের শেষ আনুষ্ঠানিকতার স্মৃতিটুকু। কেউবা জমিয়ে আড্ডায় ব্যস্ত পুরোনো বন্ধুদের সঙ্গে। সমাবর্তনে আসা প্রাক্তন শিক্ষার্থীদের সৌজন্যে অনেক বিভাগই আয়োজন করেছে স্মৃতিচারণা ও আড্ডা অনুষ্ঠানের। বিকেল চারটায় কেন্দ্রীয় স্টেডিয়ামে সমাবর্তনের মহড়া অনুষ্ঠিত হয়।

সমাবর্তন উপলক্ষে ক্যাম্পাসের নিরাপত্তাব্যবস্থা কঠোর করা হয়েছে বলে জানান প্রক্টর তারিকুল হাসান। সমাবর্তন সফলভাবে সম্পন্ন করতে শিক্ষক-শিক্ষার্থী, সমাবর্তন-সংগঠিতদের ও রাজশাহীবাসীর সহযোগিতা কামনা করেছেন উপাচার্য মুহম্মদ মিজানউদ্দিন।

সমাবর্তন অনুষ্ঠানে যোগ দেওয়ার আগে বিশ্ববিদ্যালয়ের নবনির্মিত বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা হলের উদ্বোধন করবেন রাষ্ট্রপতি আবদুল হামিদ।